# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০০

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

---

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا أبو الطاهر بن السرح قال: حدثتا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ أَنَّ عُرْوَةَ بْنَ الزُّبَيْرِ حَدَّثَهُ أَنَّ [ص: 210] عَائِشَةَ قَالَتْ:
(أَلَا يُعْجِبُكَ أَبُو هُرَيْرَةَ جَاءَ فَجَلَسَ إِلَى جَانِبِ حُجْرَتِي يحدّث عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسمعُني ذَلِكَ وَكُنْتُ أُسَبّحُ فَقَامَ قَبْلَ أَنْ أَقْضِيَ سُبْحَتِي وَلَوْ أَدْرَكْتُهُ لَرَدَدْتُ عَلَيْهِ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَكُنْ يسْرُدُ الحديث كسردكم)
□□ □□□□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح – ((تخريج فقه السيرة)) (37): ق.

قال أبو حاتم: قَوْلُ عَائِشَةَ: (لرَدَدْتُ عَلَيْهِ): أَرَادَتْ بِهِ سَرْدَ الْحَدِيثِ لَا الْحَدِيثَ نَفْسَهُ.
الحديث: 100 ¦ الجزء: 1 ¦ الصفحة: 209

বাংলা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مِنْ تَرْكِ سَرْدِ الْأَحَادِيثِ حَذَرَ قِلَّةِ التَّعْظِيمِ وَالتَّوْقِيرِ لَهَا

হাদীসের প্রতি সম্মান ও মর্যাদা প্রদানের ঘাটতির আশংকায় দ্রুত হাদীস বর্ণনা করা পরিত্যাগ করা মুস্তাহাব- এ সংক্রান্ত বর্ণনাঃ

---

১০০. উরওয়াহ ইবনুয যুবায়র (রহঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী আয়িশাহ (রাঃ)

বলেন, আবূ হুরাইরা’র এ আচরণ তোমাকে কি অবাক করে না যে, সে এসেই আমার ঘরের এক পাশে বসে আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটি হাদীস পড়ে শুনাতে লাগলো। আমি তখন সালাতরত ছিলাম। আবার আমার সালাত শেষ হওয়ার পূর্বেই সে উঠে চলে গেলো। আমি যদি তাকে পেতাম তবে তার জবাবে বলতাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদের দ্রুত কথার ন্যায় তাড়াহুড়া করে কথা বলতেন না।[1]

আবূ হাতিম (ইবনু হিব্বান) রাহি. বলেনঃ আয়িশা (রাঃ) এর কথা, “আমি তার জবাবে শুনিয়ে দিতাম” এর দ্বারা তিনি দ্রুত হাদীস বর্ণনা করাকে উদ্দেশ্য করেছেন, হাদীস বর্ণনা করাকে নয়।

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: আহমাদ ৬/১১৮; বুখারী ৩৫৬৮; মুসলিম ২৪৯৩; আবূ দাউদ ৩৬৫৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87020

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন